

### চ.বি ভিসিকে ৪৮ ঘণ্টা আলটিমেটাম দিয়েছে শিবির

চট্টগ্রাম জাতিসভা সংবাদদাতা, চট্টগ্রাম  
স্বাক্ষর : ৪৮ ঘণ্টার মধ্যে চট্টগ্রাম  
বিশ্ববিদ্যালয় সচল করতে শিবির চ.বি শাখা  
উপাচার্যকে আলটিমেটাম দিয়েছে। গতকাল  
সোমবার উপাচার্যকে দেয়া এক  
স্মারকলিপিতে দুই দিনের সময়সীমা বেধে  
দিয়ে বলা হয়, নির্ধারিত সময়ে দাবি পূরণ  
না হলে শিবির চ.বিতে ভি.সি বিরোধী  
আন্দোলন শুরু করবে।

অচলাবস্থা নিরসনে চ. বি কর্তৃপক্ষ  
গতকাল ছাত্রলীগ নেতৃবৃন্দের সঙ্গে নগরীতে  
এক বৈঠকে মিলিত হন।

ছাত্রলীগের ডাকা অবরোধ কর্মসূচির  
ফলে কার্যত অচল হয়ে পড়া চ.বি ক্যাম্পাস  
সচল করতে শিবির নেতৃবৃন্দ উপাচার্য  
অধ্যাপক ফজলী হোসেনকে ৪৮ ঘণ্টার  
সময়সীমা বেধে দিয়েছে। উপাচার্যকে দেয়া  
এক স্মারকলিপিতে এ আলটিমেটাম দেয়া  
হয়। এতে আরো বলা হয়, তাদের এ দাবি  
পূরণে ব্যর্থ হলে ২ দিন পর থেকেই তারা  
চ.বিতে ভি.সি বিরোধী আন্দোলন শুরু  
করতে বাধ্য হবে। এনিকে ছাত্রলীগ তাদের  
৬টি শর্ত পূরণের শৌখিন আশাস পেয়ে  
গতকাল চ.বি সিভিকসেটের গঠিত কমিটির  
সঙ্গে আলোচনায় বসেছে। ছাত্রলীগ  
নেতৃবৃন্দ জানান, বৈঠকের ফলাফল  
সন্তোষজনক হলে তারা অনির্দিষ্টকালের  
ডাকা অবরোধ কর্মসূচি প্রত্যাহার করতে  
পারেন। বিকেল সাড়ে ৪টায় শুরু হওয়া  
বৈঠক এ রিপোর্ট লেখা পর্যন্ত চলছিল।